



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৮৩.১৪- ২ন/৪

তারিখঃ ০৯/০৫/২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ সমিতির প্রকৃত অবস্থান নির্ণয় সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটির যাবতীয় সকল কার্যক্রম অটোমেশনের আওতায় পরিচালিত হচ্ছে। প্রকল্পের অটোমেশন প্রক্রিয়া আরো গতিশীল করার লক্ষ্যে প্রতিটি সমিতির প্রকৃত অবস্থান সুনির্দিষ্টভাবে জানা প্রয়োজন। তাই সমিতির যে স্থান হতে মাঠ সংগঠক কর্তৃক সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় করে থাকে সে স্থানের প্রকৃত অবস্থান নির্ণয়ের জন্য উক্ত স্থানের LATTITUDE ও LONGTITUDE এর মান জানা প্রয়োজন। এক্ষেত্রে ট্যাবের GOOGLE Play Store open করে সার্চ অপশন থেকে MY GPS Coordinates এ্যাপসটি সার্চ দিয়ে ওপেন করে ডাউনলোডের মাধ্যমে Install করতে হবে। অতঃপর সমিতির উক্ত স্থানে মাঠসংগঠক অবস্থান করে MY GPS Coordinates এ্যাপসটি অন করলে সে স্থানের LATTITUDE ও LONGTITUDE এর রিডিং(মান) পাওয়া যাবে।

এমতাবস্থায়, সমিতির প্রকৃত অবস্থান জানার জন্য উক্ত সমিতির দায়িত্বপ্রাপ্ত মাঠসংগঠকের মাধ্যমে MY GPS Coordinates এ্যাপসটি ব্যবহার করে উক্ত স্থানের LATTITUDE ও LONGTITUDE এর রিডিং(মান) নিয়ে সমিতি ওয়ারি নিম্নোক্ত ছকে আগামি ২৫/০৫/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলাঃ

উপজেলাঃ

ক্রঃ নং	সমিতির আইডি নং	LATTITUDE	LONGTITUDE	মন্তব্য
				মাঠসংগঠক সমিতির যে স্থান হতে সঞ্চয় ও ঋণের অর্থ আদায় করে থাকেন সে স্থানের Lat & Lon দিতে হবে। এক্ষেত্রে অর্থ আদায়ের স্থান যদি ম্যানেজারের বাড়ী হলে তার অবস্থানের Lat. & Lon. দিতে হবে এবং অবশ্যই দশমিকের পরে সব অক্ষর লিখতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

.....উপজেলা,.....জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।